গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ,ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৮- ২৮৬

তারিখ: ২৩.০৪.২০১৮ খ্রি.।

বিষয়: বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন চরাদি নেছারিয়া সিনিয়র মাদরাসার সহকারী মৌলভী (ইনডেক্স নং-০৬২৭৮২) জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ এর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ সংশোধন প্রসঙ্গে।

সূত্র: জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ এর আবেদন

তারিখ:২২.০৪.২০১৮ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন চরাদি নেছারিয়া সিনিয়র মাদরাসার সহকারী মৌলভী (ইনডেক্স নং-০৬২৭৮২) জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ কর্তৃক সূত্রোস্থ ১নং স্মারকে মাদরাসা শিক্ষা অধিদপ্তরে একটি আবেদন দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদনে শুধু কল্যাণ ও অবসর ভাতা প্রাপ্তির নিমিত্ত জনাব মোহাম্মদ ফজলুল হক কর্তৃক এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ সংশোধনের জন্য আবেদন করা হয়েছে।

০৩.দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ এর এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ০১.০১.১৯৫৭ খ্রিঃ মুদ্রিত হওয়ায় বিধি মোতাবেক ডিসেম্বর,২০১৬ খ্রিঃ মাসে তাঁর নাম (৬০ বছর পূর্ণ হওয়ায়) এমপিও শীট হতে কর্তন হয়ে যায়।

০৪. অপরদিকে দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত তাঁর জন্ম তারিখ প্রমাণক দাখিল সনদে জন্ম তারিখ ০১.১১.১৯৫৭ খ্রিঃ উল্লিখিত হয়েছে।

০৫. এমপিও শীটে মুদ্রিত জন্ম তারিখ (০১.০১.১৯৫৭) ও দাখিল নদে উল্লিখিত জন্ম তারিখ (০১.১১.১৯৫৭) ভিন্ন হওয়ায় কল্যাণ ও অবসর ভাতা প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হয়েছে মর্মে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লেখ করা হয়েছে।

০৬. আবেদনের সাথে সংযুক্ত তথ্য ও রেকর্ড পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ বর্ণিত মাদরাসায় ০১.০৭.১৯৭৯ খ্রিঃ তারিখে সহকারী মৌলভী পদে যোগদান করেন এবং ১৯৮৫ সালে এমপিওভুক্ত হন।

০৭. আবেদনের সাথে সংযুক্ত তথ্য পর্যালোচনায় আরো দেখা যায় যে, ১৯৮৫ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত প্রতিটি এমপিও শীটে তাঁর জন্ম তারিখ ০১.০১.১৯৫৭ মুদ্রিত হয়েছে এবং এ দীর্ঘ (১৯৮৫-২০১৬) ৩২ বছরে জন্ম তারিখ সংশোধনের কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। বরং দীর্ঘ ৩২ বছর যাবৎ জন্ম তারিখ ০১.০১.১৯৫৭ এর বিপরীতে জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ কর্তৃক বেতন বিলে নিজে স্বাক্ষর পূর্বক বেতন-ভাতা উত্তোলন করা হয়েছে।

০৭. উল্লেখ্য যে, স্বাক্ষ্য আইনের ১১৫ নং ধারায় উল্লিখিত হয়েছে **"যখন এক ব্যক্তি তাহার ঘোষণা, কার্য বা কার্য বিরতির দ্বারা স্বেচ্ছায় অন্য ব্যক্তিকে কিছু সত্য বলিয়া বিশ্বাস করাইয়াছেন বা বিশ্বাস করিতে দিয়েছেন এবং সেই বিশ্বাসের ভিত্তিতে কাজ করিতে দিয়াছেন , তখন উহাদের মধ্যে বা উহাদের প্রতিনিধিদের মধ্যে কোন মামলায় প্রথমোক্ত ব্যক্তি বা তাহার প্রতিনিধি উক্ত বিষয়ের সত্যতা অস্বীকার করতে পারবেন না "। অর্থাৎ যা স্বাক্ষ্য আইন অনুযায়ী estoppel এর আওতায় পড়ে।**

০৮. বর্ণিত মাদরাসার কর্তৃপক্ষ (অধ্যক্ষ/সভাপতি) কর্তৃক প্রস্তুতকৃত জন্ম তারিখ সম্বলিত বেতন-ভাতাদির বিল জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ কর্তৃক দীর্ঘ ৩২ বছর যাবৎ স্বজ্ঞানে, জেনে-বুঝে জন্ম তারিখ ০১.০১.১৯৫৭ এর বিপরীতে বেতন বিলে স্বাক্ষরপপূর্বক বেতন-ভাতা উত্তোলন করায় স্বাক্ষ্য আইনের ১১৫ ধারা মোতাবেক জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ তাঁর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখ ০১.০১.১৯৫৭ অস্বীকার করতে পারেন না (স্বাক্ষ্য আইনের **estoppel** এর বিধান মতে)।

০৯. উল্লেখ্য যে, সূত্রোস্থ ১ নং স্মারকে **"এই জন্ম তারিখ সংশোধন দ্বারা আমি আমার এমপিও সংক্রান্ত কোন সুয়োগ-সুবিধা দাবী করব না"** মর্মে আবেদনকারী জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ কর্তৃক উল্লিখিত হয়েছে।

১০. উপরিউক্ত মতে জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ এর এমপিও শীটে বিদ্যমান জন্ম তারিখটি (তাঁর আবেদনের আলোকে) শুধুমাত্র তাঁর (জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ) অবসর ও কল্যাণ সংক্রান্ত সুবিধা প্রাপ্তির সুবিধার্থে দাখিল সনদে বর্ণিত মতে সংশোধন হওয়া আবশ্যক ।

১১. বর্ণিত মতে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন চরাদি নেছারিয়া সিনিয়র মাদরাসার সহকারী মৌলভী (ইনডেক্স নং-০৬২৭৮২) জনাব মোহাম্মদ ফজলুল হক আকন্দ এর এমপিও শীটে বিদ্যমান ০১.০১.১৯৫৭ খ্রিঃ সম্বলিত জন্ম তারিখটি শুধুমাত্র অবসর ও কল্যাণ সংক্রান্ত সুবিধা প্রাপ্তির সুবিধার্থে দাখিল সনদের ভিত্তিতে ০১.১১.১৯৫৭ খ্রিঃ হিসেবে সংশোধন করা হলো।

১২. এমতাবস্থায় উপরিউক্ত সংশোধনীর আলোকে প্রযোজ্যতা (As fit with concern matter) মতে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

২৩.০৪.১৮

(মোঃ বিল্লাল হোসেন)
মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং- ৪১০৩০১৫৯
ই-মেইল-dgdmeb@gmail.com

১.মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস ভবন, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৩. সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর কল্যাণ বোর্ড, ব্যানবেইস ভবন, পলাশী-নীলক্ষেত, ঢাকা।

অনুলিপিঃ
১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, পরিবহনপুল, ৯ম তলা, ঢাকা।
২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৭ –২১৭ তারিখ:২৩.০৪.২০১৮ খ্রি.

বিষয়: সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন বুঝতলা আবুবকর সিদ্দিকী আলিম মাদরাসার শিক্ষক জনাব মোহাম্মদ লুৎফর রহমান (ইনডেক্স নং-০৬৬৩৩৭) এর এমপিও শীটে বিদ্যমান নাম সংশোধন প্রসঙ্গে।

সূত্র:(১)অধ্যক্ষ, বুঝতলা আবুবকর সিদ্দিকী আলিম মাদরাসার এর স্মারক নং-বু:আ:মা/০৬/২০১৭ তারিখ:১৭.০৯.২০১৭ খ্রি:।
(২) জেলা শিক্ষা অফিস, সাতক্ষীরা এর স্মারক নং-৫৯২১ তারিখ;০৫.১১.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক সূত্রোস্থ ১ নং স্মারকে তাঁর মাদরাসার শিক্ষক জনাব মোহাম্মদ লুৎফর রহমান (ইনডেক্স নং-০৬৬৩৩৭)এর নাম সংশোধন বিষয়ক একখানা আবেদন জেলা শিক্ষা অফিস, সাতক্ষীরা-এ দাখিল করা হয়।

০২. জেলা শিক্ষা অফিস, সাতক্ষীরা কর্তৃক সূত্রোস্থ ২ নং স্মারকে অধ্যক্ষ এর আবেদনটি মাদরাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০৩. অধ্যক্ষ এর আবেদনের ভিত্তিতে নিম্নোক্তভাবে জনাব মোহাম্মদ লুৎফর রহমান (ইনডেক্স নং-০৬৬৩৩৭) এর ভুল নাম সংশোধন হওয়া প্রয়োজন-

| ক্রমিক | নাম, প্রতিষ্ঠানের নাম | | এমপিও শীটে ভুল নাম | এমপিও শীটে সঠিক মুদ্রিত হবে | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | জনাব মোহাম্মদ লুৎফর রহমান (ইনডেক্স নং-০৬৬৩৩৭),সহকারী মৌলভী, বুঝতলা আবুবকর সিদ্দিকী আলিম মাদরাসা,কলারোয়া, সাতক্ষীরা। | | Md-Lutfar Rahman | Muhammad Lutfor Rahman | জনাব মোহাম্মদ লুৎফর রহমান (ইনডেক্স নং-০৬৬৩৩৭) এর নাম এমপিও শীটে Md-Lutfar Rahman মুদ্রিত হয়েছে। দাখিল সহ সকল সনদে, জাতীয় পরিচয় পত্রে এবং বর্ণিত মাদরাসার গভর্নিং বডির ২৭.০৮.২০১৭ তারিখের গভর্নিং বডির সভার ২ নং সিদ্ধান্তে তাঁর (জনাব মোহাম্মদ লুৎফর রহমান) নাম Muhammad Lutfor Rahman উল্লিখিত হয়েছে। অর্থাৎ তাঁর নামের ২য় অংশে f এর পরে এমপিও শীটে ভুলক্রমে o এর পরিবর্তে a মুদ্রিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।। উল্লেখ্য যে, উপরিউক্ত কাগজ-পত্র ও তথ্যে তাঁর নাম পিতার নাম এক ও অভিন্ন পরিলক্ষিত হয়েছে। |

০৪. উপরিউক্ত মতে নাম সংশোধন সংক্রান্ত জনাব মোহাম্মদ লুৎফর রহমান (ইনডেক্স নং-০৬৬৩৩৭) এর আবেদন মঞ্জুরক্রমে জনাব মোহাম্মদ লুৎফর রহমান (ইনডেক্স নং-০৬৬৩৩৭)) এর ভুল নাম Md-Lutfar Rahman এর পরিবর্তে Muhammad Lutfor সংশোধন করা হলো।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত সংশোধনী মতে এমপিও শীটে প্রয়োজনীয় সংশোধন আনায়নের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

২৬.০৪.১৮

(মো: বিল্লাল হোসেন)
মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং-৪১০৩০১৫৯

মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ:প্রোগ্রাম-১, ই,এম,আই,এস সেল,মাউশি অধিদপ্তর।

অনুলিপি:
১.সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২.আঞ্চলিক পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,খুলনা অঞ্চল।
৩.পরিচালক(প্রশাসন ও অর্থ),মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪.জেলা শিক্ষা অফিসার,সাতক্ষীরা।
৫.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কলারোয়া,সাতক্ষীরা।
৬.অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২১.১৭ -১১৫ তারিখ:২৩.০৪.২০১৮ খ্রি.।

বিষয়: যশোর জেলার অভয়নগর উপজেলাধীন বাশুয়াড়ী সিনিয়র (আলিম) মাদরাসার সহকারী অধ্যাপক (আরবি) জনাব মো: আবুল কাসেম (ইনডেক্স নং-০৬১৫২৫) এর নাম এমপিও শীটে সংশোধন প্রসঙ্গে।

সূত্র:(১)অধ্যক্ষ, বাশুয়াড়ী সিনিয়র আলিম মাদরাসার এর স্মারক নং-অধ্যক্ষ এর আবেদন তারিখ:০৭.১১.২০১৭ খ্রি:।
(২) জেলা শিক্ষা অফিস, যশোর এর স্মারক নং-৩৭.০২.৪১০০.০০০.০২.০০১.১৭-১০১০ তারিখ:১৪.১২.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক সূত্রোস্থ ১ নং স্মারকে তাঁর মাদরাসার সহকারী অধ্যাপক (আরবি) জনাব মো: আবুল কাসেম (ইনডেক্স নং-০৬১৫২৫) এর নাম সংশোধন বিষয়ক একখানা আবেদন জেলা শিক্ষা অফিস, যশোর-এ দাখিল করা হয়।

০২. জেলা শিক্ষা অফিস, যশোর কর্তৃক সূত্রোস্থ ২ নং স্মারকে অধ্যক্ষ এর আবেদনটি মাদরাসা শিক্ষা অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০৩. অধ্যক্ষ এর আবেদনের ভিত্তিতে নিম্নোক্তভাবে জনাব মো: আবুল কাসেম (ইনডেক্স নং-০৬১৫২৫) এর ভুল নাম সংশোধন করা প্রয়োজন-

| ক্রমিক নং | নাম,পদবী ও মাদরাসার নাম ঠিকানা | এমপিও কপিতে ভুল নাম | এমপিও কপিতে চাহিত/ সঠিক নাম হবে | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | মো: আবুল কাসেম, (ইনডেক্স নং-০৬১৫২৫) সহকারী অধ্যাপক (আরবি), বাশুয়াড়ী সিনিয়র আলিম মা:, অভয়নগর, যশোর। | MD.ABDUL kASHEM | MUHAMMAD ABUL QASEM | জনাব মো: আবুল কাসেম, (ইনডেক্স নং-০৬১৫২৫) সহকারী অধ্যাপক (আরবি) এর নাম এমপিও শীটে MD.ABDUL kASHEM মুদ্রিত হয়েছে।<br>দাখিল সহ সকল সনদে, জাতীয় পরিচয় পত্রে এবং বর্ণিত মাদরাসার গভর্নিং বডির ১১.১০.২০১৭ তারিখের গভর্নিং বডির সভার ২ নং সিদ্ধান্তে তাঁর (জনাব মো: আবুল কাসেম) নাম MUHAMMAD ABUL QASEM উল্লিখিত হয়েছে।<br>উল্লেখ্য যে, জনাব মো: আবুল কাসেম, (ইনডেক্স নং-০৬১৫২৫) সকল মূল সনদ এবং নিয়োগ সংক্রান্ত সকল কাগজ-পত্র যাচাই করা হয়েছে এবং সকল তথ্যে তাঁর (জনাব মো: আবুল কাসেম, (ইনডেক্স নং-০৬১৫২৫) নাম MUHAMMAD ABUL QASEM উল্লেখ আছে।<br>বর্ণিত মতে তাঁর নামের ক্ষেত্রে ভুলক্রমে এমপিও শীটে MUHAMMAD ABUL QASEM এর পরিবর্তে MD.ABDUL kASHEM মুদ্রিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।<br>উল্লেখ্য যে, উপরিউক্ত কাগজ-পত্র ও তথ্যে এবং নিয়োগ সংক্রান্ত সকল কাগজ-পত্রে তাঁর নাম পিতার নাম এক ও অভিন্ন পরিলক্ষিত হয়েছে। |

০৪. উপরিউক্ত মতে নাম সংশোধন সংক্রান্ত জনাব মো: আবুল কাসেম, (ইনডেক্স নং-০৬১৫২৫) সহকারী অধ্যাপক (আরবি), এর আবেদন মঞ্জুরক্রমে জনাব মো: আবুল কাসেম, ইনডেক্স নং-০৬১৫২৫) সহকারী অধ্যাপক (আরবি) এর ভুল নাম MD.ABDUL kASHEM এর পরিবর্তে MUHAMMAD ABUL QASEM সংশোধন করা হলো।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত সংশোধনী মতে এমপিও শীটে প্রয়োজনীয় সংশোধন আনায়নের জন্য মহোদয়কে অনুরোধ করা হলো।

২৩.০৪.১৮

মো: বিল্লাল হোসেন
মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন নং-৪১০৩০১৫৯

মহাপরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ:প্রোগ্রাম-১, ই,এম,আই,এস সেল,মাউশি অধিদপ্তর।

অনুলিপি:
১.সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২.আঞ্চলিক পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,খুলনা অঞ্চল।
৩.পরিচালক(প্রশাসন ও অর্থ),মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪.জেলা শিক্ষা অফিসার,যশোর।
৫.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,অভয়নগর,যশোর।
৬.অফিস কপি।